DEC. 29 2001

DEC 28 2001

দৈনিক ইত্তেফাক

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ... কলাম ...

বিদেশ থেকে ইংরেজী শিক্ষক আনার চিন্তাভাবনা

# স্কুল-কলেজে অভিজ্ঞ শিক্ষক নিয়োগের ব্যাপারে কোন অগ্রগতি নেই

রেজ্জানুর রহমান ॥ দেশের স্কুল-কলেজসমূহে ইংরেজী, অঙ্ক ও বিজ্ঞান বিষয়ে দক্ষ-অভিজ্ঞ শিক্ষক নিয়োগের ক্ষেত্রে শিক্ষা মন্ত্রণালয় স্থির কোন সিদ্ধান্ত নিতে পারছে না। দেশের অধিকাংশ স্কুল ও কলেজে বিষয়সংশ্লিষ্ট অভিজ্ঞ শিক্ষক নেই। একথা শিক্ষা মন্ত্রণালয়, বিভিন্ন শিক্ষক সংগঠনসহ সংশ্লিষ্ট সকল মহলই জানেন। কিন্তু পরিস্থিতির উন্নয়নে কোন ব্যবস্থাই গ্রহণ করা হচ্ছে না। বিগত সরকারের আমলে ইংরেজী শিক্ষকের ক্ষেত্রে অভিজ্ঞতা ও দক্ষতা বিচার করে ৬০ বছরের পরিবর্তে বয়সসীমা ৩ দফায় ৬৫ বছরে উন্নীত করার

(২য় পৃষ্ঠায় ৬-এর কঃ দ্রঃ)

## স্কুল-কলেজে অভিজ্ঞ শিক্ষক

(শেষ পৃঃ পর)

সিদ্ধান্ত নেয়া হয়েছিল কিন্তু পরবর্তীতে অলিখিতভাবে এই সিদ্ধান্তকে অকার্যকর করা হয়েছে। ৬০ বছরে প্রথম দফায় ২ বছর বাড়তি সুযোগ অর্জনকারী প্রায় ৩শত অভিজ্ঞ ইংরেজী শিক্ষক-শিক্ষিকা দ্বিতীয় দফায় ২ বছর চাকরির সময়সীমা বৃদ্ধির আবেদন করেছে। এতদসংক্রান্ত ফাইলপত্র শিক্ষা অধিদপ্তরে সিদ্ধান্তের অভাবে পড়ে আছে।

চলতি বছর এসএসসি ও এইচএসসি পরীক্ষার ফলাফল পর্যবেক্ষণে দেখা গেছে অধিকাংশ অকৃতকার্য ছাত্র-ছাত্রী ইংরেজী বিষয়ে খারাপ করেছে। অভিজ্ঞ মহলের ধারণা, আগামী বছরও ইংরেজী বিষয়েই অধিকাংশ ছাত্র-ছাত্রী খারাপ করবে।

শিক্ষা মন্ত্রণালয়ের একজন কর্মকর্তা জানান, শুধু বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানসহ সরকারী শিক্ষা-প্রতিষ্ঠানসমূহেও ইংরেজী, অংক, বিজ্ঞান বিষয়ে দক্ষ শিক্ষক-শিক্ষিকার অভাব প্রকট হয়ে উঠেছে। অভিজ্ঞ শিক্ষকদের সংখ্যাগরিষ্ঠ অংশ শহরের শিক্ষা-প্রতিষ্ঠানে চাকরি করছেন। কখনও এই ধারার শিক্ষক-শিক্ষিকাকে গ্রামের স্কুলে বদলী করা হলে শুরু হয় বদলী ঠেকানোর দেনদরবার। এই কাজে অনেকে অর্থও ব্যয় করেন বলে জানা গেছে। ঐ কর্মকর্তা আরো জানান, ইংরেজীর ক্ষেত্রে বিদেশ থেকে শিক্ষক-শিক্ষিকা আনার কথাও চিন্তা-ভাবনা করা হচ্ছে।